

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক
জয়ন্ত আচার্য
বদরুল আলম নাবিল

প্রতিবেদক
আসাদুর রহমান, জব্বার হোসেন
রুহুল তাপস, সাজেদুর রহমান
সহযোগী প্রতিবেদক
হাসান মূর্তাজা

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, পারভীন তানী
জাহাঙ্গীর আলম জুয়েল

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর

বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা

মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুননেসা পিয়ারী বার্লিন

কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ

৯৬-৯৭ নিউ ইক্সটন, ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩

সার্কেলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত

লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০

ই-মেইল : s2000@dbn-bd.net

info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড

৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর

পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত

ও ট্রান্সক্রফট লিঃ, ২২৯ তেজগাঁও

শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।



দেশের উগ্র জঙ্গিদের উত্থান নিয়ে সরকার এতোদিন লুকোচুরি খেলেছে। জঙ্গিদের নিয়ে গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অস্বীকার করা হয়েছে। প্রশ্ন তোলা হয়েছে দেশের ভাবমূর্তি নষ্টের। অবশেষে বাংলাদেশকে বাদ দিয়ে দাতাগোষ্ঠী ওয়াশিংটনে বৈঠক করায় সরকারের টনক নড়ে। তার আগে ব্র্যাক, গ্রামীণ ব্যাংকে বোমা হামলার পর সরকার বেশ ঘাবড়ে যায়। স্বীকার করা হয় ইসলামী জঙ্গিদের অস্তিত্ব। স্বরাষ্ট্রমন্ত্রী প্রেসনোট দিয়ে জাতি মুসলিম জনতা বাংলাদেশ (জেএমজেবি) ও জামাআতুল মুজাহিদিন নামে দুটো ইসলামী জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করেছে। সংগঠন দুটোর অন্যতম নেপথ্য হোতা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আসাদুল্লাহ আল গালিবকে গ্রেপ্তার করা হয়।

একটি সমস্যা সৃষ্টি হলে তা অস্বীকার করে আড়াল রাখা যায় না বরং এ সমস্যা আরো প্রকট হয়ে ওঠে। অথচ জোট সরকার জঙ্গি সমস্যার সমাধান না করে তা লুকানোর চেষ্টা করেছে। এ কারণে বিদেশে ভাবমূর্তি নষ্ট হয়েছে। কারণ জঙ্গিবাদ এখন শুধু এ দেশেরই সমস্যা নয়, সারা বিশ্বের সমস্যা। সমস্যার বাস্তবতা আগেই স্বীকার করলে দেশ লাভবান হতো।

ধর্মের নামে জঙ্গিরা আজ ঘাঁটি গেড়েছে প্রত্যন্ত জনপদে। এখন স্বরাষ্ট্র মন্ত্রণালয় বেশ পরিষ্কার, জঙ্গিরাই গ্নেনেড-বোমা হামলা করছে। অস্তির করে তুলছে দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি। এদের কঠোরভাবে দমন করা প্রয়োজন। অধ্যাপক গালিবের গ্রেপ্তার যেন শুধু লোক-দেখানোই না হয়। সরকারের কার্যক্রম দেখে দেশ ও বিদেশের জনগণ যাতে বুঝতে পারে অশুভ জঙ্গিদের গ্রেপ্তারে সরকার আন্তরিক।

দেশে আবারও লঞ্চ দুর্ঘটনা হলো। বুড়িগঙ্গা নদীতে সলিল সমাধি হলো ১১৯ জন যাত্রীর। লঞ্চ দুর্ঘটনা প্রতিরোধে গত কয়েক বছর একের পর এক প্রকল্প হয়েছে। নতুন আইন প্রণীত হয়েছে। কার্যত ফল আসছে না। লঞ্চ দুর্ঘটনা রোধ করা সম্ভব হচ্ছে না। বরং দায়িত্বশীল মন্ত্রী সৃষ্টিকর্তার ইচ্ছার ওপর দায়ভার চাপিয়ে দিয়েছেন। গতানুগতিকভাবে তদন্ত কমিটি হয়েছে। জানা গেছে, নিমজ্জিত লঞ্চটির ক্রেটি থাকা সত্ত্বেও রুট পারমিট ও ফিটনেস সার্টিফিকেট পেয়েছিল। এভাবে দুর্নীতি ও দায়িত্বহীনতার কারণে মানুষ মরতে পারে না। এ দায়হীনতার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের বিচার হওয়া প্রয়োজন।

